

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ১৬৩-আইন/২০০৭/২১৫৪/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৬শে শ্রাবন ১৪০৬ বাংলা মোতাবেক ১০ই আগষ্ট, ১৯৯৯ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৫-আইন/৯৯/১৮০২/শুল্ক রহিত করিয়া উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) ও কলাম (2) এ উল্লিখিত Heading No. এবং H.S. Code এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক মওকুফ করিল, যথাঃ-

- (১) খুচরা মোড়কজাত (অনধিক ১ কেজি) এবং সরাসরি কৃষক পর্যায়ে বিপন্নযোগ্য অবস্থায় আমদানীকৃত বীজের ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানীকারক দেশের সরকারী অথবা সরকার কর্তৃক স্বীকৃত Seed certification agency এর নিকট হইতে বীজের জার্মিনেশন রেট, গ্রীষ্ম প্রধান দেশে ব্যবহারযোগ্য এবং বপনের সময় ইত্যাদি বিষয় পরিষ্কার ও বিস্তারিত উল্লেখ সহকারে প্রত্যয়ন পত্র শুল্কায়নের পূর্বে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
- (২) স্বাভাবিক (অনধিক ২৫ কেজি) ব্যাগজাত বীজ আমদানির ক্ষেত্রে এল.সি খোলার পূর্বে বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মহাপরিচালক, বীজ এর নিকট হইতে বীজের পরিমাণ ও প্রয়োজনীয়তার বিষয়ে অনুমতি (দুই কপি) গ্রহণ করিতে হইবে এবং শুল্কায়নের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট একটি কপি (in original) দাখিল করিতে হইবে; এবং
- (৩) সকল ক্ষেত্রে মোড়ক বা ব্যাগের উপরে “seed for sowing only” লেখাসহ বীজের সংক্ষিপ্ত বিবরণ লিখিত থাকিতে হইবে এবং কোন অবস্থায় মোড়কবিহীন আকারে বীজ আমদানি করা যাইবে না।

TABLE

Heading No.	H.S. Code	Description
(1)	(2)	(3)
07.13	All H.S. Codes	Different type of pulses (বিভিন্ন প্রকার ডাল)
10.01	1001.10.00	Wheat seeds

	1001.90.10		
12.07	1207.50.00		Mustard seeds
12.09	1209.91.00		Vegetable seeds
	1209.99.00		Onions seeds

০২। এই প্রজ্ঞাপণ ১ জুলাই, ২০০৭ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(বদিউর রহমান)
সচিব।